দৈনিক সংবাদ

তারিখ 26. AUG 1992
পৃষ্ঠা 1 কলাম 4

৭০

# চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্রদলের দু'গ্রুপে সংঘর্ষ ।। আহত ২০

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৫শে আগস্ট।–চট্টগ্রাম বিশ্ব-বিদ্যালয়ে আজ মঙ্গলবার ছাত্রদলের বিবদমান দু'টি গ্রুপের মধ্যে সশস্ত্র সংঘর্ষে ১ জন গুলিবিদ্ধসহ উভয়পক্ষের ২০ জন আহত হয়েছে। গুলিবিদ্ধ ও গুরুতর আহত ছাত্রদল কর্মী শাহেদকে চট্টগ্রাম মেডি-ক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে মুন্না ও হিলালী গ্রুপের মধ্যে এই সংঘর্ষ হয়। মঈনুল আহসান মুন্না চাকসু'র মিলনায়তন সম্পাদক এবং রফিকুল ইসলাম হিলালী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক। সংঘর্ষের সময় দু'পক্ষে প্রায় ২০ রাউন্ড গুলি বিনিময় হয়।

প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, দুপুর ১টা ১০ মিনিটে বিশ্ববিদ্যালয় রেলস্টেশন চত্বরে উভয়পক্ষের মধ্যে প্রথমে কথা কাটাকাটি, ধাওয়া-পাল্টা ধাওয়া এবং পরে গুলি বিনিময় হয়। এতে শাহেদ, মুসা, টিটু, খায়রুলসহ ২০ জন আহত হয়। শাহেদ ছাড়া অন্যরা শহরের বিভিন্ন ক্লিনিকে

চট্টগ্রাম ঃ পৃঃ ৮ কঃ ৮

## চট্টগ্রাম ঃ ছাত্রদলের সংঘর্ষ

(১ম পাতার পর)

চিকিৎসাধীন রয়েছে। প্রায় ১ ঘন্টা উভয়পক্ষে এই সংঘর্ষ চলে বলে সূত্র জানায়।

অপর একটি সূত্র জানায়, কিছুদিন আগে রিপন নামে এক বহিরাগত তরুণের গলাকাটা লাশ বিশ্ববিদ্যালয় ১নং সড়কের কাছে পাওয়া যায়। পুলিশ এ ঘটনায় জড়িত থাকার সন্দেহে মুস্তাফিজ নামে একজন ছাত্রদল কর্মীকে গ্রেফতার করে। তাকে থানায় নিয়ে যাবার সময় মুন্না গ্রুপের কর্মীরা পুলিশের কাছ থেকে ছিনিয়ে নেয়। আজ রেলস্টেশনে এ নিয়ে হিলালী গ্রুপের সঙ্গে মুন্না গ্রুপের সশস্ত্র সংঘর্ষটি ঘটে। ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ইফতেখার চৌধুরী ও সম্পাদক রফিকুল ইসলাম হিলালী ঘটনার তীব্র নিন্দা জানিয়ে অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার দাবি করেছেন।